জয়ী সেভিয়া

প্রাক্ মরশুম প্রস্তুতি ম্যাচে ইতালিয়ান দল রোমাকে ২-১ গোলে হারাল স্পেনের ক্লাব সেভিয়া।

মাঠে - ময়দানে

নাপোলির জয়

প্রাক্ মরশুম প্রস্তুতি ম্যাচে স্প্যানিশ ক্লাব এস্পানিওলকে ২-০ গোলে হারাল ইতালির নামী দল নাপোলি।

হোয়াইটওয়াশের লক্ষ্য নিয়েই তৃতীয় টেস্টে নামছে ভারত

ক্যান্ডি, ১১ আগস্ট: গত সফরে একটি ইনিংসের ব্যর্থতার জন্য হাতছাড়া হয়েছিল শ্রীলঙ্কাকে হোয়াইটওয়াশ করার সুবর্ণ সুযোগ। কিন্তু এবার হোয়াইটওয়াশ ছাড়া কিছু ভাবছে না ভারত। এটা মাথায় রেখেই পাল্লাকেলেতে সিরিজের তৃতীয় তথা শেষ টেস্টটি খেলতে নামছে ব্লু ব্রিগেড।

সিরিজের প্রথম টেস্টে গলে ৩০৪ রানের ব্যবধানে জিতেছে ভারত। আর কলম্বোয় দ্বিতীয় টেস্টে জয়ের মার্জিন ছিল ইনিংস ও ৫৩ রান। এই ফলাফল থেকেই দুটি দলের মধ্যেকার দূরত্ব বোঝা সম্ভব। দু'বছর আগে এই শ্রীলঙ্কা দলে ছিলেন মাহেলা জয়বর্ধনে ও কুমার সাঙ্গাকারার মতো দুটি নাম। পাশাপাশি ফর্মে ছিলেন দীনেশ চান্ডিমাল ও রঙ্গনা হেরাথ। অবসর নিয়ে জাতীয় দলের জার্সি খুলে রেখেছে মাহেলা-সাঙ্গ জুটি। আর চোটের জন্য নিয়মিত খেলতেই পারছেন না চান্ডিমাল ও হেরাথ। যার ফলে প্রথম দুটি টেস্টে ভারতের কাজ অনেকটাই সহজ হয়ে যায়। দুর্বল শ্রীলঙ্কাকে এই সিরিজে কোনওভাবেই প্রত্যাবর্তন ঘটানোর সুযোগ দিতে রাজি নয় ভারত। ফলে তৃতীয় টেস্টে কোনওরকম আত্মতুষ্টি নেই দলের ক্রিকেটারদের মধ্যে।

জেতার জন্য নামলেও এই ম্যাচে প্রথম একাদশে বেশ কয়েকটি বদল আনতে পারে ভারত। দ্বিতীয় টেস্টে আইসিসি'র কোড অফ কন্ডাক্ট ভাঙার জন্য এক ম্যাচ সাসপেন্ড হয়েছেন রবীন্দ্র জাদেজা। তড়িঘড়ি তাঁর বদলি হিসাবে উড়িয়ে আনা হয়েছে অক্ষর প্যাটেলকে। অন্যদিকে দলের সঙ্গে তৃতীয় স্পিনার হিসাবে শ্রীলঙ্কা সফরে এসেছেন কুলদীপ যাদব। তৃতীয় টেস্টের দলে কোনও একজনের আসাটা একপ্রকার নিশ্চিত হয়ে গিয়েছে। তবে সূত্রের খবর, রবিচন্দ্রন অশ্বিনকেও বিশ্রাম দেওয়া হতে পারে। সেক্ষেত্রে কুলদীপ ও অক্ষর দুজনেই দলে আসবেন। অন্যদিকে দুই পেসার উমেশ যাদব ও মহম্মদ সামিকে বিশ্রাম দিয়ে ভুবনেশ্বর কুমার ও ইশান্ত শর্মাকে দলে আনা হতে পারে। তবে ব্যাটিং লাইন আপে কোনওরকম পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই।

অধিনায়ক হিসাবে টানা ৮টি টেস্ট সিরিজ জিতেছেন বিরাট কোহলি। বিদেশের মাঠে শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইন্ডিজকে হারালেও হোয়াইটওয়াশ করতে পারেনি কোহলির ভারত। এবার সেই অধরা শৃঙ্গই জয় করতে চাইছেন কি কোহলি।

লন্ডনে বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের ফাইনালে পৌঁছলেন জ্যাভেলিন থ্রোয়ার দেবেন্দ্র সিং কং। যোগ্যতা অর্জন পর্বে ৮৪.২২ মিটার থ্রো করে ফাইনালে প্রবেশ করেন তিনি।

বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে লড়াইয়ের ডাক সিঙ্গাপুরের শিখ রেফারির

সিঙ্গাপুর, ১১ আগস্ট : একটি সাধারণ প্রদর্শনী ম্যাচে নেওয়া সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সোশ্যাল মিডিয়ায় বর্ণবিদ্বেষী মন্তব্যের মুখোমুখি হলেন সিঙ্গাপুরের এক শিখ রেফারি। যদিও এই বিষয়ে সমালোচকদের পাত্তা না দিয়ে ফুটবলকে জাতিবিদ্বেষ মুক্ত করার ডাক দিয়েছেন সুখবীর সিং নামে ওই রেফারি।

প্রাক্-মরশুম প্রস্তুতির অঙ্ক হিসেবে যারা বিশ্বে বেশ কয়েকটি প্রদর্শনী ম্যাচ খেলেছে ইউরোপের লিগ ক্লাবগুলি। মূলত ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন কাপ নাম দিয়ে এই ম্যাচগুলি খেলা হয়। এমনই এক ম্যাচে সিঙ্গাপুরে মুখোমুখি হয়েছিল ইতালির নামি দল ইন্টার মিলান ও ইংলিশ প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়ন চেলসি। সেই ম্যাচে দু'টি বিতর্কিত সিদ্ধান্ত নিয়েছিলেন সুখবীর। গত মরশুমে সিঙ্গাপুর লিগের সেরা রেফারি হয়েছেন তিনি। এই ম্যাচে প্রথমত চেলসির ফুল ব্যাক সিজার আজপিলিকুয়েতা নিজেদের বক্সে ইন্টারের স্ট্রাইকার স্টেভান জোভেটিককে ফেলে দেওয়ায় ইতালিয়ান দলটির পক্ষে পেনাল্টি দেন তিনি। পাশাপাশি চেলসির স্ট্রাইকার মিচে বাৎস্পরাইয়ের একটি গোল বাতিল করেন এই শিখ রেফারি। ওই ম্যাচে শেষ পর্যন্ত ২-১ গোলে বিজয়ী হয় ইন্টার। এরপরেই সোশ্যাল মিডিয়ায় বর্ণবিদ্বেষী মন্তব্য ধেয়ে আসে সুখবীরকে লক্ষ্য করে। ওই ম্যাচে ফিফা এজেন্ট বলজিৎ রাহিলের একটি পোস্ট থেকে বিষয়টি সামনে আসে। নিজের পোস্টে বলজিৎ 'পিক ইট আউট'কেও ট্যাগ করেন। 'পিক ইট আউট' মূলত ফুটবল থেকে বর্ণবিদ্বেষ কমানোর লক্ষ্যে কাজ করে। এই বিতর্কে সংস্থাটির পক্ষ থেকে জানানো হয়েছে, সিঙ্গাপুরে চেলসি বনাম ইন্টার ম্যাচে শিখ রেফারিকে উদ্দেশ্য করে যেসব বর্ণবিদ্বেষী মন্তব্য করা হয়েছে, তার রিপোর্ট তলব করা হয়েছে। ট্যুইটারে সুখবীরের সিদ্ধান্তের সমালোচনা করতে গিয়ে অনেকেই তার জাতিগত বিশ্বাস নিয়ে বিরূপ মন্তব্য করেছে।

যদিও বিষয়টিকে পাত্তা দিতে নারাজ সুখবীর জানিয়েছেন, 'আমার উপরে বিষয়টির কোনও প্রভাব পড়েনি, কারণ আমি ট্যুইটারে কি বলা হয়েছে তা জানি না। তবে এটুকু বলতে পারি ফুটবল টিমের বর্ণবিদ্বেষ একটি জটিল সমস্যা এবং বিষয়টি গুরুত্ব সহকারে খতিয়ে দেখা উচিত। কখনও কোনও ব্যক্তির জাতি নিয়ে একপেশে মনোভাব দেখাতে নেই।' পাশাপাশি তিনি ডাক দিয়েছেন পুরো ফুটবল বিশ্বকে একত্রে এই সমস্যার সমাধান করার জন্য। খেলা সমাজকে একত্রিত হতে সাহায্য করে বলে দাবি করেছেন এই শিখ রেফারি। তিনি এ'ও জানিয়েছেন, স্থানীয় স্তরে ম্যাচ খেলানোর সময় তিনি কখনই এ ধরনের মন্তব্যের লক্ষ্য হননি। তবে সুখবীরের বিশ্বাস, দ্রুতই এই সমস্যা থেকে মুক্ত হবে সমগ্র ফুটবল বিশ্ব।

অ্যাসেজের আগে টপ অর্ডার নিয়ে চিন্তিত বেলিস

লন্ডন, ১১ আগস্ট : সদ্যই ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকাকে ৩-১ ব্যবধানে হারিয়ে ৪ ম্যাচের টেস্ট সিরিজ জিতেছে ইংল্যান্ড। কিন্তু তা সত্ত্বেও সমালোচকদের নজর এড়ায়নি অ্যালেস্টার কুক - জেনিসেদের ব্যর্থতা। অ্যাসেজের আগে এই বিষয়টি তাকে চিন্তায় রাখবে বলে জানিয়েছেন ইংল্যান্ডের কোচ ট্রেভর বেলিস। সমস্যার সমাধানে উদ্যোগী হচ্ছেন তিনি।

এই সিরিজেই অধিনায়ক হিসেবে অভিষেক ঘটল জো রুটের। পাশাপাশি ১৯ বছর পর ঘরের মাঠে প্রোটিয়াদের বিরুদ্ধে সিরিজ জিতল ইংরেজরা। কিন্তু তা সত্ত্বেও টপ অর্ডার নিয়ে প্রশ্ন উঠতে শুরু করছে। অভিজ্ঞ ওপেনার তথা প্রাক্তন অধিনায়ক এই সিরিজে খুব একটা ফর্মে ছিলেন না। ওপেনিংয়ে তার সঙ্গী তরুণ কেটনের এই সিরিজের ৮ ইনিংসে গড় মাত্র ১৫.৮৭। অপর এক তরুণ প্রতিভা টম ওয়েস্টলিও তেমন কিছুই করতে পারেননি। তবে সমালোচকদের মতে, কিছুটা সময় পেলে তিন নম্বরে ইংল্যান্ডকে ভরসা দেবেন ওয়েস্টলি। অন্যদিকে, ৫ নম্বরে একাধিক সুযোগ পেয়েও দাগ কাটতে ব্যর্থ দাম্নিদ মালান। এমনকি ধারাবাহিকতা নেই অধিনায়ক রুটের ব্যাটেও। এবারের অ্যাসেজ শুরু হওয়ার আগে খুব বেশি ম্যাচ খেলার সুযোগ পাচ্ছে না ইংল্যান্ড। কয়েকটি প্রস্তুতি ম্যাচ ছাড়া ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ৩ টেস্টের সিরিজ খেলবে তারা। আর ক্যারিবিয়ানদের বিরুদ্ধে এই সিরিজেই টপ অর্ডারকে ফর্মে ফিরিয়ে আনতে হবে কোচ বেলিসকে। তিনি নিজেও জানেন দলের সমস্যাগুলির কথা। আর সিরিজ জয়ের স্বাদ দিয়ে টপ অর্ডারের ব্যর্থতার মাছ ঢাকতে নারাজ এই অজি কোচ। প্রোটিয়াদের বিরুদ্ধে সিরিজ জিতে তিনি জানিয়েছেন, 'সিরিজ জেতা সব সময়ই ভাল। কিন্তু আমরা সমস্যাগুলিকে জয়ের আড়ালে ঢাকছি না। আমরা জানি দলে বেশ কিছু সমস্যা আছে। অনেকেই ফর্ম হারিয়ে ফেলেছে। আমরা আশাবাদী তারা দ্রুত ফর্মে ফিরবে। আর নিজেদের যোগ্যতা প্রমাণ করবে।' দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলা এই সিরিজ অ্যাসেজের দল নির্বাচনে কতটা প্রভাব ফেলবে তা নিয়ে সরাসরি কিছু বলেননি বেলিস। তাঁর কথায়, আমরা দ্রুতই নির্বাচকদের সঙ্গে আলোচনায় বসব। তাই আমি এখনই বলছি না, কে দলে থাকবে আর কে থাকবে না। তবে এটা ঠিক আমরা ব্যাটিং অর্ডারে কয়েকটি স্থান নিয়ে আলোচনা করব।

তবে যা পরিস্থিতি, অ্যাসেজের দলে ইংল্যান্ডের প্রথম পাঁচটি স্থানের মধ্যে কুক ও রুটের স্থান পাওয়া নিয়ে সন্দেহ নেই বিশেষজ্ঞদের মধ্যে। অধিনায়ক হিসাবে নিজের প্রথম টেস্ট সিরিজ জিতে বেশ খুশি বর্তমান টেস্ট র‍্যাঙ্কিংয়ের দ্বিতীয় স্থানে থাকা এই ব্যাটসম্যান। তাঁর কথায়, 'আমি অধিকাংশ সময় বিষয়টি বেশ উপভোগ করেছি। বাকি তিন সপ্তাহের মতো একটি সপ্তাহ খুব একটা মজার ছিল না। তবে একজন অধিনায়ক হিসেবে সব পরিস্থিতির জন্য তৈরি থেকেছি আমি। পুরো সময়টাই আমি অনেক কিছু শিখেছি। তবে এটা একেবারেই প্রাথমিক পর্যায়।' একটি খারাপ সপ্তাহ বলতে রুট ট্রেন্টব্রিজের দ্বিতীয় টেস্টের কথা বলেছেন। ওই ম্যাচে বিশাল ৩৪০ রানে জয়ী হয়েছিল প্রোটিয়ারা। তবে অ্যাসেজের আগে দল পুরো তৈরি হয়ে যাবে বলে দাবি করেছেন রুট। পাশাপাশি দলের বোলারদের পারফরম্যান্সে খুশি তিনি।

আজ নামছে লাল-হলুদ

স্টাফ রিপোর্টার : আজ নিজেদের কলকাতা লিগ অভিযান শুরু করছে ইস্টবেঙ্গল। ঘরের মাঠে তাদের প্রথম প্রতিপক্ষ নিউ ব্যারাকপুরের নেবারো ক্লাব। কয়েকদিন আগে শহরতলীর এই দলটির বিরুদ্ধেই প্রস্তুতি ম্যাচে আটকে গেছে লাল-হলুদ শিবির। কিন্তু তা নিয়ে একেবারেই চিন্তিত নন দলের কোচ খালিদ জামিল। এ বছর টানা অষ্টমবার কলকাতা লিগ জেতার লক্ষ্যে নামছে ইস্টবেঙ্গল। প্রথম ম্যাচে কোনওভাবেই পয়েন্ট নষ্ট করতে চাইছে না দল। তাই তিন বিদেশিকে দলে রেখেই প্রথম একাদশ গড়বেন জামিল। অন্যদিকে প্রয়াত ম্যানেজার স্বপন বলকে স্মরণ করে সমর্থকরা প্রথম ম্যাচে তাঁর মুখোশ পরে আসার কর্মসূচি নিয়েছে।

লাল ম্যাঞ্চেস্টারকে প্রিমিয়ার লিগ দেওয়ার লড়াইয়ে মোরিনহোর ভরসা দ্বিতীয় মরশুমের রেকর্ড ও লুকাকু

ম্যাঞ্চেস্টার, ১১ আগস্ট: ওল্ড ট্র্যাফোর্ডে নিজের দ্বিতীয় মরশুমে আরও বেশি সাফল্য চাইছেন পর্তুগিজ কোচ হোসে মোরিনহো। চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভাল ফল করার পাশাপাশি তার লক্ষ্য ইংলিশ প্রিমিয়ার লিগ জেতা।

নিজের প্রথম মরশুমে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে তিনটি ট্রফি দিয়েছেন মোরিনহো। কমিউনিটি শিল্ড ও লিগ কাপের মতো ঘরোয়া টুর্নামেন্টের পাশাপাশি ইউরোপা লিগের মতো প্রতিযোগিতাতেও চ্যাম্পিয়ন হয়েছে ম্যানইউ। কিন্তু প্রিমিয়ার লিগে সাফল্য এনে দিতে ব্যর্থ হয়েছেন তিনি। ২০১৬-১৭ মরশুমে ষষ্ঠ স্থানে শেষ করে দল। কিন্তু এবছর বেশ আশাবাদী মোরিনহো। তার অতীত রেকর্ড বলছে, শেষ পাঁচবার নিজের দ্বিতীয় মরশুমে ক্লাবকে ঘরোয়া লিগে চ্যাম্পিয়ন করেছেন এই তারকা কোচ। পোর্তো, চেলসি (দু'বার), ইন্টার মিলান ও রিয়াল মাদ্রিদের দায়িত্ব নিয়ে এই কৃতিত্ব দেখিয়েছেন তিনি। ম্যানইউ কি এবছর চ্যাম্পিয়ন হতে পারবে? এই প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছেন, 'আমরা হয়তো জিততে পারব। জেতার মতো ক্ষমতাও আমাদের আছে। কিন্তু কাজটা মোটেও সহজ হবে না। কারণ এবছর বেশ কয়েকটি ক্লাব যথেষ্ট শক্তিশালী ফুটবলারদের দলে নিয়েছে।' তিনি নিজের শেষ চারটি ক্লাবের দায়িত্ব নেওয়ার দ্বিতীয় বছরে পাঁচবার (চেলসিতে দু পর্যায়) লিগ জিতেছেন। এর ব্যাখ্যা দিতে গিয়ে মোরিনহো জানিয়েছেন, 'সরণিতে প্রথম বছরের থেকে কোনও ক্লাবে দ্বিতীয় বছরটি ভালো যায়। কারণ সেক্ষেত্রে ক্লাবের পরিবেশ ও ফুটবলারদের ভালোবাসে জানা যায়। পাশাপাশি দলের অন্যান্য সদস্যরাও আপনাকে ভালোভাবে জানতে পারে। দু'পক্ষের ইতিবাচক দিকগুলি বোঝা যায়। ফলে স্ট্র্যাটেজি বানাতে সুবিধা হয়।' পাশাপাশি তিনি এও জানিয়েছেন, আধুনিক ফুটবলে কিছুই সহজে হয় না।

এবছর অধিকাংশ ফুটবলারকে ধরে রাখার পাশাপাশি বেশ কয়েকজন নতুন মুখকে দলে এনেছে ম্যানইউ। লক্ষ্য করলে বোঝা যাবে, এদের অধিকাংশই মূলত লম্বা এবং শক্তিশালী ফুটবলার। মূলত মোরিনহোর 'পাওয়ার ফুটবল' ও 'পার্ক দ্য বাস' স্ট্র্যাটেজির সঙ্গে খাপ খাওয়াতে পারবে এমন খেলোয়াড়দেরই দলে নিয়েছে রেড ডেভিলসরা। এবছর দলে সবচেয়ে নামি তিন নতুন মুখ সেন্টার ব্যাক ভিক্টর লিন্ডেলফ, মিডিও নেমাঞ্জা মাটিচ ও স্ট্রাইকার রোমেলু লুকাকু। এই তিন ফুটবলারই লম্বায় ৬ ফুটের বেশি। এবছর মোরিনহোর স্কোয়াড প্রিমিয়ার লিগের দ্বিতীয় উচ্চতম দল। টনি পুলিসের ওয়েস্ট ব্রমউইচ অ্যালবিয়নের পরেই রয়েছে ম্যানইউ। তবে এই তিন ফুটবলারের মধ্যে আকর্ষণের কেন্দ্রে রয়েছে লুকাকু। এই শেষ ৪ মরশুমে ৮৭টি গোল করেছেন। তার জন্য ৭৫ মিলিয়ন ইউরোর ট্রান্সফার ফি দিয়েছে ম্যানইউ। পাশাপাশি এভার্টনকে ফিরিয়ে দেওয়া হয়েছে ওল্ড ট্র্যাফোর্ডের ঘরের ছেলে ওয়েন রুনিকেও। ১৪ বছর আগে এভার্টন থেকেই স্ট্রাইকারকে রেকর্ড দামে কিনেছিল ম্যানইউ। রুনিকে প্রথম থেকেই খুব একটা পছন্দ করতেন না মোরিনহো। তাই লুকাকু'র বদলি হিসাবে এভার্টন রুনিকে চাওয়ায় না করেননি তিনি। মূলত সুইডিশ স্ট্রাইকার জলাটান ইব্রাহিমোভিচের বদলি হিসাবে লুকাকুকে দলে নিয়েছেন মোরিনহো। গত মরশুমের শেষ দিকে হাঁটুতে চোট পেয়ে ছিটকে যান ইব্রা। তখন পরবর্তী মরশুমে ইব্রাকে দলে রাখা হবে বলে জানালেও পরবর্তীকালে তাকে রিলিজ করে দেয় ম্যানইউ। গত মরশুমে প্রিমিয়ার লিগে ৫৪টি গোল করেছে ম্যানইউ। যার জেরে বেশ কয়েকটি ম্যাচে স্ট্রাইকারদের ব্যর্থতার জেরে জেতা ম্যাচে পয়েন্ট নষ্ট করতে হয়েছে মোরিনহোর দলকে। কিন্তু এদের লুকাকুর পায়ের জাদুতে সব ব্যর্থতা কাটিয়ে ওঠার বিষয়ে আশাবাদী ম্যানইউ'র টিম ম্যানেজমেন্ট।

এর আগে চেলসিতে একত্রে কাজ করেছেন লুকাকু ও মোরিনহো। তখন অবশ্য এই বেলজিয়াম স্ট্রাইকার মুগ্ধ করতে পারেননি 'দ্য স্পেশাল ওয়ানকে'। কিন্তু এবছর সব হিসেব উল্টে দিতে মরিয়া দু'পক্ষই। এক সাক্ষাৎকারে লুকাকু জানিয়েছেন, 'আমি এখানে এসেছি গোল করার জন্য। সকলেই আমার উপর অনেকটাই ভরসা করছেন। ম্যাঞ্চেস্টার ইউনাইটেডে আমরা জেতার জন্য খেলি। আর সেটার জন্য আমরা তৈরি। আমি ইউরোপের কোনও প্রথম সারির ক্লাবে খেলার জন্য মুখিয়ে ছিলাম। সেই সুযোগ আমি পেয়েছি। এবার আমাকে কঠিন পরিশ্রম করতে হবে। আর ভাল পারফর্ম করার বিষয়ে আমি আশাবাদী।' এর আগে বিভিন্ন সময়ে লুকাকু নিয়ে নিজের মুগ্ধতার কথা জানিয়েছেন মোরিনহো। ম্যানইউয়ের হয়ে প্রাক্ মরশুম প্রস্তুতি ম্যাচগুলিতেও যথেষ্ট ভাল পারফর্ম করেছেন লুকাকু। এমনকি উয়েফা সুপার কাপের ম্যাচে রিয়াল মাদ্রিদের বিরুদ্ধে ম্যানইউয়ের হয়ে একমাত্র গোলটিও এসেছেন এই বেলজিয়াম স্ট্রাইকারের পা থেকেই। তবে শুধু লুকাকুই নয়, ইব্রা ও রুনির অনুপস্থিতিতে নজরে থাকবেন মিডফিল্ডার পল পোগবাও। গত মরশুমে রেকর্ড অর্থে এই ফরাসি তারকাকে জুভেন্টাস থেকে নিয়েছিল ম্যানইউ। প্রথম মরশুমে সমর্থকদের মন জয় করতে একপ্রকার ব্যর্থই হয়েছেন তিনি। পুরনো ফর্মে ফিরতে মরিয়া হয়ে রয়েছেন পোগবা নিজেও।

একইভাবে মোরিনহোর বিশ্বাস ফিরে পেতে মরিয়া অ্যান্থনি মার্শালও। গত মরশুমের ব্যর্থতা কাটাতে মরিয়া ২১ বছরের এই ফরাসি স্ট্রাইকার। যদিও প্রথম দলে লুকাকুর সঙ্গে লড়াইয়ে তার থেকে অনেকটাই এগিয়ে রয়েছেন মার্কাস র‍্যাশফোর্ড, হুয়ান মাতা ও জেসে লিনগার্ড। সেদিক থেকে দলে হেনরিস মখতারিয়ানের স্থান অনেকটাই পাকা। মাঝমাঠে পোগবার সঙ্গে দেখা যাওয়ার সম্ভাবনা রয়েছে মাটিচ ও অ্যান্তার হেরেরাকে। ডিপ ডিফেন্সে লিন্ডেলফের সঙ্গী হবেন এরিক বেইলি। অন্যদিকে গতবারের মতো এবারও ডেভিড ডে খেয়াকে প্রিমিয়ার লিগে এবং সার্জিও রোমেরোকে চ্যাম্পিয়ন্স লিগ সহ অন্যান্য টুর্নামেন্টে ব্যবহার করার স্ট্র্যাটেজি নিতে পারেন মোরিনহো। ১৩ আগস্ট ঘরের মাঠে ওল্ড হ্যাম ও ইউনাইটেডের বিরুদ্ধে নিজেদের প্রিমিয়ার লিগে অভিযান শুরু করবে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।

প্রকাশক পার্থ কুণ্ডু কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা